

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, নভেম্বর ২৩, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
সুরক্ষা সেবা বিভাগ  
প্রজাপন

তারিখ : ০১ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ/১৬ নভেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং-৩৪৮-আইন/২০২১।—মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের  
৬৩ নং আইন) এর ধারা ৬৮, ধারা ৬১ এর উপ-ধারা (৩) এর সহিত পঠিতব্য, তে প্রদত্ত ক্ষমতাবলে  
সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম।**—এই বিধিমালা বেসরকারি পর্যায়ে মাদকাসত্ত্ব নিরাময় কেন্দ্র, মাদকাসত্ত্ব  
পুনর্বাসন কেন্দ্র ও মাদকাসত্ত্ব পরামর্শ কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনা বিধিমালা, ২০২১ নামে অভিহিত  
হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

- (ক) “আইন” অর্থ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন);
- (খ) “আসন্তি পেশাজীবী” অর্থ সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান হইতে মাদকাসত্ত্বের  
চিকিৎসা, পরামর্শ কিংবা মাদকাসত্ত্বের পুনর্বাসনের মৌলিক, প্রায়োগিক ও তাত্ত্বিক  
জ্ঞান অর্জনকারী কোনো প্রশিক্ষিত ও দক্ষ ব্যক্তি;
- (গ) “কেন্দ্র” অর্থ বেসরকারি পর্যায়ে প্রতিষ্ঠিত মাদকাসত্ত্ব নিরাময় কেন্দ্র, মাদকাসত্ত্ব  
পুনর্বাসন কেন্দ্র বা মাদকাসত্ত্ব পরামর্শ কেন্দ্র;
- (ঘ) “চিকিৎসা” অর্থ মাদকাসত্ত্ব বিশেষজ্ঞের তত্ত্বাবধানে ঔষধ প্রয়োগ, পরামর্শ বা সেবা  
প্রদান অথবা সরকার অনুমোদিত বিজ্ঞানসম্মত বিকল্প চিকিৎসার মাধ্যমে মাদকাসত্ত্ব  
ব্যক্তির আসন্তিজনিত কষ্ট ও ক্ষতি লাঘব করা এবং তাহাকে সুস্থ জীবনযাপনে  
সহায়তা করা;

( ১৬৭১৫ )

মূল্য : টাকা ১৬.০০

- (৬) “তপশিল” অর্থ এই বিধিমালার তপশিল;
- (৭) “ব্যক্তি” অর্থে অংশীদারী কারবার, সংঘ, সমিতি, কোম্পানি, কর্পোরেশন, প্রতিষ্ঠান এবং সংবিধিবদ্ধ সংস্থাও অন্তর্ভুক্ত হইবে;
- (৮) “মাদকাসত্ত্ব নিরাময় কেন্দ্র” অর্থ এমন কোনো প্রতিষ্ঠান, যেখানে মূল্যের বিনিময়ে বা বিনামূল্যে, মাদকাসত্ত্ব ব্যক্তিকে মাদক আসক্তি হইতে বা মাদক নির্ভরশীলতা মুক্ত হইতে চিকিৎসা ও আনুষঙ্গিক অন্যান্য সহায়তা প্রদান করা হয়;
- (৯) “মাদকাসত্ত্ব পরামর্শ কেন্দ্র” অর্থ এমন কোনো প্রতিষ্ঠান যেখানে, মূল্যের বিনিময়ে বা বিনামূল্যে মাদকাসত্ত্ব ব্যক্তিকে মাদকাসত্ত্ব হইতে বা মাদক নির্ভরশীলতা মুক্ত হইতে পরামর্শ প্রদান করা হয়;
- (১০) “মাদকাসত্ত্ব পুনর্বাসন কেন্দ্র” অর্থ এমন কোনো প্রতিষ্ঠান, যেখানে মূল্যের বিনিময়ে বা বিনামূল্যে, মাদকাসত্ত্ব ব্যক্তিকে মাদক আসক্তি হইতে বা মাদক নির্ভরশীলতা মুক্ত করিয়া অথবা, ক্ষেত্রমত, মাদক আসক্তি হইতে মুক্ত ব্যক্তিকে, সুস্থ সামাজিক ও পারিবারিক জীবনে পুনর্বাসন হইতে সহায়তা প্রদান করা হয়;
- (১১) “মানসিক রোগ বিশেষজ্ঞ (Psychiatrist)” অর্থ সরকার কর্তৃক স্বীকৃত কোনো প্রতিষ্ঠান হইতে মানসিক রোগ বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিপ্রাপ্ত এবং বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) কর্তৃক নিবন্ধনকৃত চিকিৎসক;
- (১২) “লাইসেন্স” অর্থ বিধি ৩ এর অধীন প্রদত্ত লাইসেন্স;
- (১৩) “লাইসেন্সি” অর্থ এই বিধিমালার অধীন লাইসেন্সপ্রাপ্ত কোনো ব্যক্তি; এবং
- (১৪) “লাইসেন্সিং কর্তৃপক্ষ” অর্থ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক বা তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা।

৩। বেসরকারি পর্যায়ে কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনার লাইসেন্স, ইত্যাদি।—(১) কোনো ব্যক্তি এই বিধিমালার অধীন লাইসেন্স গ্রহণ ব্যতিরেকে বেসরকারি পর্যায়ে মাদকাসত্ত্ব নিরাময় কেন্দ্র বা মাদকাসত্ত্ব পুনর্বাসন কেন্দ্র বা মাদকাসত্ত্ব পরামর্শ কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনা করিতে পারিবেন না।

(২) মাদকাসত্ত্ব নিরাময়, পুনর্বাসন ও পরামর্শ সংক্রান্ত কার্যক্রম একসাথে একটি কেন্দ্র পরিচালনা করা যাইবে অথবা এক বা একাধিক কার্যক্রম পরিচালনার জন্য পৃথক পৃথক কেন্দ্রও প্রতিষ্ঠা করা যাইবে :

তবে শর্ত থাকে যে, উক্তরূপ কার্যক্রম পরিচালনার জন্য সুনির্দিষ্ট লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

(৩) কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনা করিবার লাইসেন্সের জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট তপশিল-৩ এর ফরম-ক অনুযায়ী আবেদন করিতে হইবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন প্রাপ্ত আবেদনে উল্লিখিত তথ্যাবলির সত্যতা যাচাইয়ের জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষ, আবেদন প্রাপ্তির ১৫ (পনেরো) দিনের মধ্যে, এতদুদ্দেশ্যে সংশ্লিষ্ট আবেদনটি, ক্ষেত্রমত, জেলা, মেট্রোপলিটন এলাকা বা বিশেষ জোন কার্যালয়ের উপপরিচালকের নিকট প্রেরণ করিবে এবং প্রয়োজনে, অনুরূপ বিষয়ে মতামতের জন্য জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেটের নিকট প্রেরণ করিতে পারিবে।

(৫) উপ-বিধি (৪) এর অধীন আবেদন প্রাপ্তির ৪৫ (পাঁচাশি) দিনের মধ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা, আবেদনে উল্লিখিত স্থান সরেজমিনে পরিদর্শন করিবেন এবং প্রাপ্ত তথ্যাবলি পরীক্ষা ও যাবতীয় বিষয়ে অনুসন্ধান করিবার পর লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট উক্ত বিষয়ে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রেরণ করিবেন।

(৬) এই বিধির অধীন প্রাপ্তি প্রতিবেদন এবং ক্ষেত্রমত, মতামত পর্যালোচনার পর লাইসেন্সিং কর্তৃপক্ষ—

- (ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, আবেদনকারী কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনার জন্য নির্ধারিত শর্তাবলি পূরণ করিতে সক্ষম, তাহা হইলে আবেদনকারীকে ৯০ (নয়ই) কার্যদিবসের মধ্যে, তপশিল-১ এ উল্লিখিত লাইসেন্স ফিস প্রাপ্তি সাপেক্ষে, তফসিল-৩ এর ফরম-খ মোতাবেক লাইসেন্স প্রদান করিবে;
- (খ) যদি এইরূপ অভিমত পোষণ করে যে, নির্ধারিত শর্তাবলি পূরণ করিবার জন্য আবেদনকারীকে সুযোগ প্রদান করা সমীচীন, তাহা হইলে সংশ্লিষ্ট শর্তাবলি পূরণের জন্য আবেদনকারীকে অনধিক ৩০ (ত্রিশ) দিন সময় প্রদান করিবে, এবং—
- (অ) উক্ত সময়ের মধ্যে নির্ধারিত সকল শর্ত প্রতিপালন করিতে আবেদনকারী সক্ষম হইয়াছে মর্মে সন্তুষ্ট হইবার পর পরবর্তী ১৫ (পনেরো) দিনের মধ্যে আবেদন মণ্ডুর করিয়া আবেদনকারীকে, তপশিল-১ এ উল্লিখিত লাইসেন্স ফিস প্রাপ্তি সাপেক্ষে, লাইসেন্স প্রদান করিবে; অথবা
- (আ) উক্ত সময়ের মধ্যে নির্ধারিত শর্তাবলি পূরণ করিতে আবেদনকারী ব্যর্থ হইলে আবেদন নামঙ্গুর করিয়া আবেদনকারীকে অবহিত করিবে;
- (গ) যদি এইরূপ অভিমত পোষণ করে যে, আবেদনকারী নির্ধারিত শর্তাবলির মধ্যে অধিকাংশ শর্ত পূরণ করিতে সক্ষম হয় নাই এবং আবেদনকারীকে দফা (খ) তে উল্লিখিত সুযোগ প্রদান করা হইলে উক্ত সময়ের মধ্যে অবশিষ্ট শর্তাবলি পূরণ করিতে সক্ষম হইবার সম্ভাবনা নাই, তাহা হইলে আবেদন সরাসরি নামঙ্গুর করিয়া ১৫ (পনেরো) দিনের মধ্যে আবেদনকারীকে অবহিত করিবে।

(৭) এই বিধির অধীন লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত কোনো আদেশ বা সিদ্ধান্ত দ্বারা কোনো ব্যক্তি সংকুচ হইলে তিনি উক্ত আদেশ বা সিদ্ধান্ত প্রদানের তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরকারের নিকট আপীল করিতে পারিবেন এবং উক্ত আপীলে সরকার কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

(৮) উপ-বিধি (৬) এর অধীন প্রদেয় লাইসেন্স ফিস “সরকারি রাজস্ব বিবিধ খাত (কোড নম্বর ৩-৭৩৭৩-০০০০-২৬৮১)” এ ট্রেজারী চালানের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক অথবা সরকার কর্তৃক নির্ধারিত যে কোনো তফসিলী ব্যাংকে জমা প্রদান করিতে হইবে।

৪। লাইসেন্সের সাধারণ শর্তাবলি, ইত্যাদি—(১) মাদকাসঙ্গি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনার জন্য নিম্নবর্ণিত শর্ত পালন করিতে হইবে, যথা :—

- (ক) সুরক্ষিত পাকা বাঢ়িতে পর্যাপ্ত আলো বাতাসের সুবিধাসহ নিরিবিলি, সুন্দর ও ধূমপানমুক্ত পরিবেশ থাকিতে হইবে, তবে প্রয়োজনে ধূমপায়ী রোগীদের ক্ষেত্রে ধূমপানের জন্য পৃথক কক্ষ রাখা যাইবে;
- (খ) বারান্দা ও অন্যান্য কমন স্পেসসহ জনপ্রতি ন্যূনতম আশি বর্গফুট জায়গা ও পর্যাপ্ত নিরাপত্তার ব্যবস্থা থাকিতে হইবে;
- (গ) বহুতল ভবনের পঞ্চম বা তদূর্ধ তলায় কেন্দ্র অবস্থিত হইলে গমনাগমনের জন্য লিফটের ব্যবস্থা থাকিতে হইবে;
- (ঘ) কেন্দ্রের গুরুত্বপূর্ণ স্থানে পর্যাপ্ত সংখ্যক অগ্নিনির্বাপক যন্ত্র থাকিতে হইবে;

- (৬) প্রতি ১০ (দশ) বেডের জন্য পর্যাপ্ত পানি সরবরাহসহ ন্যূনতম একটি টয়লেট, বাথরুম এবং সুপেয় পানির ব্যবস্থা থাকিতে হইবে;
- (৭) প্রতি ৩০ (ত্রিশ) বেডের জন্য একজন সার্বক্ষণিক চিকিৎসক, একজন সার্বক্ষণিক বা খঙ্কালীন মানসিক রোগ বিশেষজ্ঞ (Psychiatrist), একজন কাউন্সেলর, দুইজন প্রশিক্ষণপ্রাপ্ত নার্স বা বয় ও একজন পরিচ্ছন্নতাকারী থাকিতে হইবে, তবে প্রয়োজনে এক বা একাধিক আসন্তি পেশাজীবী নিয়োগ করা যাইবে;
- (৮) প্রতি ৩০ (ত্রিশ) বেডের জন্য তপশিল-২ অনুযায়ী জীবনরক্ষাকারী উপকরণ ও অত্যাবশ্যক ঔষধপত্র থাকিতে হইবে;
- (৯) লাইসেন্স বা তাহার নিযুক্ত পরামর্শ প্রদানকারীকে—
- (অ) মনোবিজ্ঞানে স্নাতক বা সমমানের ডিগ্রিধারী অথবা মাসসিক রোগ বিশেষজ্ঞ (Psychiatrist) বা মানসিক স্বাস্থসেবায় নিয়োজিত পেশাজীবী বা সাইকোলজিস্ট হইতে হইবে;
  - (আ) মাদকাসন্তি চিকিৎসা সম্পর্কে অভিজ্ঞতাসহ এম.বি.বি.এস. ডিগ্রিধারী হইতে হইবে; অথবা
  - (ই) মাদকাসন্তি নিরাময় সম্পর্কে অভিজ্ঞতাসম্পন্ন ন্যূনতম স্নাতক বা সমমানের ডিগ্রিধারী হইতে হইবে।
- (১০) রোগীর কেস হিস্টি সংরক্ষণসহ, প্রযোজ্য ক্ষেত্রে, চিকিৎসা সংক্রান্ত যাবতীয় তথ্য সংরক্ষণের আধুনিক সুবিধা থাকিতে হইবে;
- (১১) প্রযোজ্য ক্ষেত্রে মাদকাসন্তি ব্যক্তির প্রাথমিক পরীক্ষা-নিরীক্ষার সুবিধার্থে কেন্দ্রটিকে কোনো অনুমোদিত ডায়াগনস্টিক সেন্টার বা প্যাথলজিক্যাল ল্যাবরেটরির সহিত অধিভুক্ত (affiliated) থাকিতে হইবে, যাহাতে সহজেই সংশ্লিষ্ট ব্যক্তির রক্ত, কফ, মলমূত্র, ইত্যাদি পরীক্ষা করা যায়;
- (১২) কেন্দ্রে উপযুক্ত পরামর্শের (একক বা দলগত) ব্যবস্থা থাকিতে হইবে এবং মানসিক বিনোদনের জন্য অভ্যন্তরীণ খেলাধূলার ব্যবস্থা, পত্রিকা, ম্যাগাজিন, টেলিভিশন, ইত্যাদির সুবিধা থাকিতে হইবে এবং কাউন্সেলিং এর জন্য অনুর্ধ্ব ২০ (বিশ) জনের উপর্যোগী একটি ক্লাসরুমের ব্যবস্থা থাকিতে হইবে;
- (১৩) চিকিৎসার স্বার্থে কোনো মাদকদ্রব্য ব্যবহার করা হইলে কেন্দ্রের অনুকূলে উপযুক্ত কর্তৃপক্ষের লাইসেন্স থাকিতে হইবে; এবং
- (১৪) ভত্তিকৃত ব্যক্তিদের জন্য খাবারের মেনু পুষ্টি বিশেষজ্ঞের পরামর্শক্রমে মহাপরিচালক বা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক অনুমোদিত হইতে হইবে।
- (১৫) কোনো কেন্দ্র একই সঙ্গে শিশু, মহিলা ও পুরুষ মাদকাসন্তি রোগীদের চিকিৎসা সেবা প্রদান বা পুনর্বাসন বিষয়ক কার্যক্রম পরিচালনা করিতে চাহিলে লাইসেন্স গ্রহণের পূর্বে উহা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে অবহিত করিতে হইবে এবং অনুরূপ ক্ষেত্রে—
- (অ) শিশু, মহিলা ও পুরুষের জন্য পৃথক আবাসন, খাওয়া এবং ক্লাসরুমের ব্যবস্থা থাকিতে হইবে;
  - (আ) শিশু, মহিলা ও পুরুষের জন্য স্বতন্ত্র ব্যবস্থাপনা থাকিতে হইবে; এবং
  - (ই) একই ফ্লোরে শিশু, মহিলা ও পুরুষ মাদকাসন্তি রোগী রাখা যাইবে না।

(২) মাদকাসন্তি পরামর্শ কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনার জন্য নিম্নবর্ণিত শর্ত পালন করিতে হইবে, যথা :—

- (ক) রোগী ও তাহার আভিভাবকদের অপেক্ষার জন্য যথাযথ স্বাস্থ্যকর পরিবেশসহ বসার ব্যবস্থা থাকিতে হইবে;
- (খ) রোগীকে পরামর্শ প্রদান করার কক্ষে স্বাস্থ্যকর পরিবেশ ও গোপনীয়তা নিশ্চিত করিতে হইবে;
- (গ) পরামর্শ প্রদানকারীকে পূর্ণকালীন বা খণ্ডকালীন মানসিক রোগ বিশেষজ্ঞ (Psychiatrist) বা মানসিক স্বাস্থ্য সেবায় নিয়োজিত পেশাজীবী বা সাইকোলজিস্ট বা আসন্তি পেশাজীবী হইতে হইবে;
- (ঘ) পরামর্শ গ্রহণকারী রোগীদের নাম, ঠিকানা, বয়স এবং রোগের সংক্ষিপ্ত ইতিহাস রেজিস্টারে যথাযথ নিরাপত্তা নিশ্চিতপূর্বক সংরক্ষণ করিতে হইবে।

(৩) মহিলাদের জন্য সার্বক্ষণিক মহিলা স্টাফ, মহিলা ডাক্তার ও মহিলা কাউন্সেলর থাকিতে হইবে, তবে মহিলা ডাক্তার বা মহিলা কাউন্সেলর পাওয়া না গেলে লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে পুরুষ ডাক্তার বা কাউন্সেলর নিয়োগ প্রদান করা যাইবে।

(৪) মাদকাসন্তি মহিলাদের নিরাময় কেন্দ্রে ভর্তির পূর্বে প্রেগনেন্সি টেস্ট করিতে হইবে।

(৫) মহিলা মাদকাসন্তি রোগীদের ওয়ার্ডে প্রবেশমুখে সিসি ক্যামেরা থাকিতে হইবে এবং ক্যামেরার ফুটেজ ন্যূনতম ৩ (তিনি) মাস পর্যন্ত সংরক্ষণ করিতে হইবে।

**ব্যাখ্যা।**—এই বিধির উদ্দেশ্য পূরণকালে “মানসিক স্বাস্থ্য সেবায় নিয়োজিত পেশাজীবী বা সাইকোলজিস্ট” অর্থ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ডিগ্রিপ্রাপ্ত ক্লিনিক্যাল সাইকোলজিস্ট, এডুকেশনাল সাইকোলজিস্ট, কাউন্সেলিং সাইকোলজিস্ট এবং মানসিক স্বাস্থ্য বিষয়ে বিশেষজ্ঞ মনেবিজ্ঞানী, সাইকিয়াট্রিক, ক্লিনিক্যাল সাইকোলজি, সাইকিয়াট্রিক সোশ্যাল ওয়ার্ক, অকুপেশনাল থেরাপি, এডুকেশনাল সাইকোলজি, কাউন্সেলিং, কাউন্সেলিং সাইকোলজি, সাইকোথেরাপি এবং সাইকিয়াট্রিক নার্সিং-এ নিয়োজিত স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে ডিগ্রি ও প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তি।

৫। লাইসেন্সের মেয়াদ ও নবায়ন, ইত্যাদি।—(১) লাইসেন্সের মেয়াদ হইবে লাইসেন্স ইস্যুর তারিখ হইতে এক বৎসর এবং উহা প্রতি বৎসর নবায়নযোগ্য হইবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত লাইসেন্সের মেয়াদ শেষ হইবার ৩০ (ত্রিশ) দিন পূর্বে নবায়নের জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন আবেদন প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষ সংশ্লিষ্ট কেন্দ্র সরেজিমিনে পরিদর্শন করিবে এবং পরিদর্শন করিবার পর যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, কেন্দ্রটি পরিচালনার জন্য প্রযোজ্য সকল শর্তাদি প্রতিপালন করিয়াছেন তাহা হইলে লাইসেন্স নবায়ন করিবে।

(৪) লাইসেন্স নবায়নের জন্য তপশিল-১ অনুযায়ী নবায়ন ফিস “সরকারি রাজস্ব বিবিধ খাত (কোড নম্বর ৩-৭৩৭৩-০০০০-২৬৮১)” এ ট্রেজারী চালানের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক অথবা সরকার কর্তৃক নির্ধারিত যে কোনো তফসিলী ব্যাংকে জমা প্রদান করিতে হইবে।

৬। লাইসেন্স হস্তান্তর, ঠিকানা পরিবর্তন ও অংশীদার নিয়োগ।—লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কোনো লাইসেন্স হস্তান্তর বা উহার অংশীদার পরিবর্তন বা অন্য কোনো ব্যক্তিকে এজেন্ট হিসাবে নিয়োগ বা কর্তৃত প্রদান করা যাইবেনো এবং কেন্দ্রের ঠিকানা পরিবর্তন করা যাইবে না।

৭। পরিদর্শন।—(১) লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্স এবং লাইসেন্সের অধীন স্থাপিত কেন্দ্রের যন্ত্রপাতি, সাজসরঞ্জাম, রোগী ও মাদকদ্রব্যের ব্যবহার সংক্রান্ত রেজিস্ট্রার ও হিসাবের খাতাপত্র পরীক্ষা-নিরীক্ষা, যাচাই, পর্যবেক্ষণ ও পরিদর্শন করিতে পারিবেন এবং সংশ্লিষ্ট লাইসেন্স লাইসেন্সিং কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক সকল প্রকার সহযোগিতা প্রদান করিতে বাধ্য থাকিবেন।

(২) পরিদর্শনকালে পরিদর্শনকারী কর্মকর্তা যদি এইমর্মে নিশ্চিত হন যে, কোনো লাইসেন্স লাইসেন্সের কোনো শর্ত এবং আইন বা এই বিধিমালার কোনো বিধান লঙ্ঘন করিয়াছে তাহা হইলে উহা অবিলম্বে যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করিবেন।

৮। চিকিৎসা গ্রহণে অনিষ্টুক রোগী ভর্তি।—(১) মাদকাস্তু রোগীর অনিষ্টা সত্ত্বেও অভিভাবকের অনুমতি সাপেক্ষে কোনো কেন্দ্র সংশ্লিষ্ট রোগীকে ভর্তি ও চিকিৎসা সেবা প্রদান করিতে পারিবে, তবে অনিষ্টুক রোগীকে চিকিৎসা প্রদানের পূর্বে অভিভাবকের লিখিত অনুমতি গ্রহণ এবং সংশ্লিষ্ট থানা অথবা স্থানীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিসকে অবহিত করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন রোগী ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট রোগীকে ৭ (সাত) দিনের মধ্যে মাদকাস্তুরি পমাগ হিসাবে ক্লিনিকাল ও ল্যাবরেটরি টেস্ট করিতে হচ্ছে।

**ବାଖ୍ୟା**—ଏହି ବିଧିର ଉଦ୍ଦେଶ୍ୟ ପରିଣକଳେ “ଅଭିଭାବକ” ଅର୍ଥ :—

- (ক) মাদকাসন্ত ব্যক্তি অবিবাহিত হইলে তাহার পিতা বা মাতা অথবা তাহাদের অবর্তমানে রক্ত সম্পর্কীয় ভাই বা বোন;

(খ) মাদকাসন্ত ব্যক্তি বিবাহিত হইলে স্বামী বা স্ত্রী অথবা, প্রযোজ্য ক্ষেত্রে, পিতা বা মাতা অথবা সাবালক সন্তান;

(গ) দফা (ক) বা (খ) তে উল্লিখিত ব্যক্তিবর্গের অবর্তমানে কোনো নিকটান্তীয়ের আবেদনের প্রেক্ষিতে উপযুক্ত আদালত কর্তৃক অনুমোদিত কোনো ব্যক্তি।

୯। ଲାଇସେନ୍ସ ବ୍ୟତୀତ କେନ୍ଦ୍ର ପରିଚାଳନା ଓ ଲାଇସେନ୍ସେର ଶର୍ତ୍ତଭଙ୍ଗ।—(୧) କୋନୋ ବ୍ୟକ୍ତି ଲାଇସେନ୍ସ ବ୍ୟତୀତ କେନ୍ଦ୍ର ପରିଚାଳନା କରିଲେ ଲାଇସେନ୍ସିଂ କର୍ତ୍ତୃପକ୍ଷ ସଂଶ୍ଲିଷ୍ଟ କେନ୍ଦ୍ର ବନ୍ଦ କରିଯା ଦିତେ ପାରିବେ ଏବଂ ସଂଶ୍ଲିଷ୍ଟ ବ୍ୟକ୍ତିର ବିରାଜେ ଆଇନରେ ବିଧାନ ଅନ୍ୟାଯୀ ପ୍ରୋଜନ୍ମରେ ବ୍ୟବସ୍ଥା ଗ୍ରହଣ କରିବେ ପାରିବେ।

(২) কোনো ব্যক্তি লাইসেন্সের শর্ত ভঙ্গ করিলে লাইসেন্সিং কর্তৃপক্ষ সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে আইনের ধারা ১৫, ১৬ ও ১৭ এর অধীন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

১০। সেবার বিষয়ে অভিযোগ।—(১) প্রত্যেক কেন্দ্র তৎকর্তৃক প্রদত্ত যে কোনো সেবার বিষয়ে আসঙ্গ ব্যক্তি বা তাহার পরিবার কর্তৃক অভিযোগ করিবার জন্য একটি অভিযোগ বহি ও অভিযোগ বক্ত্ব সংরক্ষণ করিবে।

(২) সংশ্লিষ্ট কর্মকর্তা নিয়মিত অভিযোগ বহি ও অভিযোগ বক্স পরীক্ষা করিবেন এবং অভিযোগের বিষয় খাচাই-বাছাইপৰ্বক সত্যতা পাওয়া গেলে আইনানং ব্যবস্থা গ্ৰহণ কৰিবেন।

১১। অস্পষ্টতা দূরীকরণ।—এই বিধিমালার কোনো বিধানের অস্পষ্টতার কারণে উহা কার্যকর করিবার ক্ষেত্রে কোনো অসুবিধা দেখা দিলে সরকার, আইনের বিধানের সহিত সামঞ্জস্য রাখিয়া, প্রশাসনিক আদেশ দ্বারা বিষয়টি স্পষ্টীকরণ করিতে বা ব্যাখ্যা প্রদান করিতে পারিবে।

**১২। রহিতকরণ ও হেফাজত।**—(১) এই বিধিমালা কার্যকর হওয়ার সঙ্গে সঙ্গে বেসরকারি পর্যায়ে মাদকাস্তি পরামর্শ কেন্দ্র, মাদকাস্তি নিরাময় কেন্দ্র ও মাদকাস্তি পুনর্বাসন কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনা বিধিমালা, ২০০৫ রহিত হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত বিধিমালার অধীন যে সকল কার্যক্রম নিষ্পত্তি হইয়াছে তাহা এই বিধিমালার অধীন সম্পত্তি হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং এই বিধিমালা জারির তারিখে অনিষ্পত্তি কার্যাদি, যতদুর সম্ভব, এই বিধিমালার অধীন নিষ্পত্তি করিতে হইবে।

## তপশিল-১

[বিধি ৩(৬), ৩(৮) ও ৫(৪) দ্রষ্টব্য]

লাইসেন্স/নবায়ন ফিস, ইত্যাদি

ক্রমিক নং	বিবরণ	ফিসের হার
(১)	(২)	(৩)
১।	প্রতিষ্ঠা ও পরিচালনার লাইসেন্স/নবায়ন ফিস	
	(ক) মাদকাসত্ত্ব পরামর্শ কেন্দ্র	২,০০০/- টাকা
	(খ) মাদকাসত্ত্ব নিরাময় কেন্দ্র/মাদকাসত্ত্ব পুনর্বাসন কেন্দ্র/মাদকাসত্ত্ব পরামর্শ কেন্দ্র (এক বা একাধিক কেন্দ্র)	৫,০০০/- টাকা (১০ বেড পর্যন্ত) ১০,০০০/- টাকা (২০ বেড পর্যন্ত) ২০,০০০/- টাকা (২০ বেড এর অধিক)
২।	বিলম্ব নবায়ন ফিস	
	(ক) ৩ (তিনি) মাস পর্যন্ত বিলম্বের জন্য	লাইসেন্স ফি এর অতিরিক্ত ২৫%
	(খ) ৬ (ছয়) মাস পর্যন্ত বিলম্বের জন্য	লাইসেন্স ফি এর অতিরিক্ত ৫০%
	(গ) ৬ (ছয়) মাসের উর্ধ্বে কিন্তু ৩ (তিনি) বৎসরের মধ্যে বিলম্বের জন্য	লাইসেন্স ফি এর অতিরিক্ত ৬০%
৩।	ডুপ্লিকেট লাইসেন্স ফিস	লাইসেন্স ফি এর ২০%

## তপশিল-২

[বিধি ৪ (১) (ছ) দ্রষ্টব্য]

## প্রতি ত্রিশ বেডের জন্য জীবনরক্ষাকারী উপকরণ ও অত্যাবশ্যক ঔষধপত্রাদি

ক্রমিক নং	বিবরণ	সংখ্যা
(১)	(২)	(৩)
১।	বিছানাপত্রসহ খাট	জনপ্রতি
২।	লকার/চেবিল	জনপ্রতি
৩।	জরুরি বিদ্যুৎ সরবরাহ/জেনারেটরের ব্যবস্থা	কেন্দ্রের জন্য প্রয়োজন অনুসারে
৪।	স্যালাইন	১ সেট
৫।	জেনারেল ইলেক্ট্রিমেন্ট	১ সেট
৬।	ক্যাথিটারস রাইলসিটিউব, স্টমাক টিউব, ফ্লেটাস টিউব	১ সেট
৭।	প্যাশেন্ট ট্রলি	১ টি
৮।	স্ট্রেচার	১ টি
৯।	বেড প্যান	২ টি
১০।	ইউরিনাল	৪ টি
১১।	ডুচ ক্যান	২ টি
১২।	ফ্লো মিটার ও মান্ডসহ অক্সিজেন সিলিঙ্গার	২ টি
১৩।	এম্বু ব্যাগ	২টি
১৪।	ট্রান্সফিউশন সেট	২টি
১৫।	ইলেক্ট্রিক সাকার	১টি
১৬।	স্টেরিলাইজার	১ টি
১৭।	সার্জিকাল কাঁচি, লেড, ইত্যাদি	১ সেট
১৮।	রেফ্রিজারেটর	১ টি
১৯।	পর্যাপ্ত আলোর ব্যবস্থা	কেন্দ্রের জন্য প্রয়োজন অনুসারে
২০।	অন্যান্য জীবনরক্ষাকারী উপকরণাদি ও অত্যাবশ্যক ঔষধপত্রাদি	কেন্দ্রের জন্য প্রয়োজন অনুসারে

## তপশিল-৩

## ফরম-ক

[বিধি ৩(৩) দ্রষ্টব্য]

লাইসেন্সের আবেদন ফরম

বরাবর,  
 মহাপরিচালক  
 মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
 প্রধান কার্যালয়, ঢাকা

মাধ্যম: উপপরিচালক  
 জেলা/মেট্রোপলিটন/বিশেষ জোন কার্যালয়  
 মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

.....

১। আবেদনকারীর নাম :

২। পিতার নাম :

৩। মাতার নাম:

৪। আবেদনকারীর পেশা:

৫। আবেদনকারীর ঠিকানা:

(ক) বর্তমান ঠিকানা:

(খ) স্থায়ী ঠিকানা :

৬। আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট নম্বর :

৭। প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :

৮। প্রতিষ্ঠান স্থাপনের সন ও তারিখ :

৯। অবকাঠামোগত বর্ণনা (প্রয়োজনে পৃথক কাগজে সংযুক্ত করা যাইবে):

১০। যে কার্যক্রমের উদ্দেশ্যে কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনার জন্য লাইসেন্সের আবেদন করা হইয়াছে  
(টিক চিহ্ন দিন)(ক) মাদকাসত্ত্ব পরামর্শ কেন্দ্র (খ) মাদকাসত্ত্ব নিরাময় কেন্দ্র (গ) মাদকাসত্ত্ব পুনর্বাসন কেন্দ্র 

(ঘ) একটি কেন্দ্রে একাধিক উদ্দেশ্যে আবেদন করা হইলে উহার বিবরণ:

১১। অন্য কোনো সংস্থার লাইসেন্স/নিবন্ধন থাকিলে—

লাইসেন্স/নিবন্ধন নম্বর	তারিখ	মেয়াদকাল	প্রদানকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা

১২। নিয়োজিত পেশাজীবীর সংখ্যা (চিকিৎসক ও মানসিক রোগ বিশেষজ্ঞের (Psychiatrist) নাম, ঠিকানাসহ তালিকা প্রদান করিতে হইবে) :

নং	পদের নাম	সংখ্যা
(১)	সার্বক্ষণিক চিকিৎসক	
(২)	খন্দকালীন চিকিৎসক	
(৩)	খন্দকালীন মানসিক রোগ বিশেষজ্ঞ (Psychiatrist)	
(৪)	কর্মকর্তা-কর্মচারীর সংখ্যা	
(৫)	কাউন্সেলর	
(৬)	আসক্তি পেশাজীবী (যদি থাকে)	

১৩। কোনো বিদেশি চিকিৎসক/পরামর্শক নিয়োজিত থাকিলে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতি রাখিয়াছে কি না উহার বিবরণ:

১৪। কেন্দ্রে চিকিৎসার জন্য কোনো মাদকদ্রব্য ব্যবহার করা হইলে তৎসম্পর্কে উপযুক্ত কর্তৃপক্ষের লাইসেন্স গ্রহণ করা হইয়াছে কি না উহার বিবরণ :

১৫। কেন্দ্রে ব্যবহৃত জীবনরক্ষাকারী উপকরণাদি ও অত্যাবশ্যক ঔষধপত্রের তালিকা (পরামর্শ কেন্দ্র ব্যতীত) (প্রয়োজনে পৃথক কাগজে সংযুক্ত করা যাইবে):

আমি হলফ করিয়া এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরোক্তিত তথ্যাবলি সত্য ও ইচ্ছাকৃতভাবে কোনো তথ্য গোপন করি নাই বা ভুল তথ্য প্রদান করি নাই, এবং আমি আরও ঘোষণা করিতেছি যে, আমি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ ও তদীয়ন প্রণীত বিধিমালার বিধান, লাইসেন্সং কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত আদেশ এবং লাইসেন্সের সকল শর্ত প্রতিপালনে বাধ্য থাকিব।

তারিখ :

.....

(আবেদনকারীর স্বাক্ষর ও সিল)

(আবেদনে বর্ণিত তথ্যাবলির সমর্থনে উপযুক্ত কাগজপত্র সংযুক্ত করিতে হইবে)

**ফরম-খ**  
**[বিধি ৩(৬) দ্রষ্টব্য]**

**লাইসেন্স**

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ধারা ৬১(৩) এবং বেসরকারি পর্যায়ে মাদকাসত্ত্ব নিরাময় কেন্দ্র, মাদকাসত্ত্ব পুনর্বাসন কেন্দ্র ও মাদকাসত্ত্ব পরামর্শ কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনা বিধিমালা, ২০২১ এর বিধি ৩ এর বিধান অনুসারে লাইসেন্স কর্তৃপক্ষ নিম্নবর্ণিত শর্ত ও বর্ণনা মোতাবেক নিম্নরূপ ব্যক্তি বা প্রতিষ্ঠানকে তাহার ..... তারিখের আবেদনের পরিপ্রেক্ষিতে বেসরকারি পর্যায়ে মাদকাসত্ত্ব নিরাময় কেন্দ্র/মাদকাসত্ত্ব পুনর্বাসন কেন্দ্র/মাদকাসত্ত্ব পরামর্শ কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনার জন্য লাইসেন্স প্রদান করিল:

- (১) লাইসেন্স নম্বর : .....
- (২) লাইসেন্সের মেয়াদ : .....
- (৩) লাইসেন্সের ধার্যকৃত ফি এর পরিমাণ (টাকা) : .....
- (৪) লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : .....
- (৫) লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানের মালিক/প্রধানের নাম, পদবি ও ঠিকানা : .....
- (৬) লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠান স্থাপনের সন ও তারিখ : .....
- (৭) যে উদ্দেশ্যে লাইসেন্স প্রদান করা হইল :
  - (ক) মাদকাসত্ত্ব নিরাময় কেন্দ্র
  - (খ) মাদকাসত্ত্ব পুনর্বাসন কেন্দ্র
  - (গ) মাদকাসত্ত্ব পরামর্শ কেন্দ্র
  - (ঘ) যদি একাধিক উদ্দেশ্য হয় উহার বিবরণ :
- (৮) বেড সংখ্যা :
- (৯) পেশাজীবীর সংখ্যা:

নং	পদের নাম	সংখ্যা
(১)	সার্বক্ষণিক চিকিৎসক	
(২)	খড়কালীন চিকিৎসক	
(৩)	খড়কালীন মানসিক রোগ বিশেষজ্ঞ (Psychiatrist)	
(৪)	কর্মকর্তা-কর্মচারীর সংখ্যা	
(৫)	কাউন্সেলর	
(৬)	আসত্ত্ব পেশাজীবী (যদি থাকে)	

(১০) কেন্দ্রে নিয়োজিত অন্যান্য কর্মকর্তা-কর্মচারীর সংখ্যা : ..... জন

(১১) অন্য কোনো সংস্থা কর্তৃক প্রদত্ত নিবন্ধন বা লাইসেন্স নং (প্রযোজ্য ক্ষেত্রে) ..... নিবন্ধন/লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ ..... তারিখ ..... মেয়াদকাল .....।

### লাইসেন্সের শর্তাবলি

১। এই লাইসেন্স হস্তান্তরযোগ্য নহে এবং আবেদনপত্রে উল্লিখিত স্থান ব্যতীত অন্য কোনো স্থানে বেসরকারি পর্যায়ে মাদকাসক্তি নিরাময় কেন্দ্র/মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্র/মাদকাশক্তি পরামর্শ কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনা করা যাইবে না।

২। এই লাইসেন্স নবায়ন করা যাইবে।

৩। লাইসেন্সিং কর্তৃপক্ষের নির্দেশনা বা চাহিদা অনুযায়ী সকল ধরনের তথ্য সরবরাহ করিতে লাইসেন্সি বাধ্য থাকিবে এবং কেন্দ্রের চিকিৎসা প্রদানের সহিত সংশ্লিষ্ট ব্যক্তি এবং, ক্ষেত্রমত, চিকিৎসক উক্ত কেন্দ্রের চিকিৎসা সেবা প্রদান সংক্রান্ত একটি রেজিস্ট্রার সংরক্ষণ করিবেন এবং উহাতে নিম্নবর্ণিত তথ্যাদি লিপিবদ্ধ করিবেন:

- (ক) মাদকাসক্ত ব্যক্তির নাম ও ঠিকানা;
- (খ) সংশ্লিষ্ট চিকিৎসকের নাম ও ঠিকানা;
- (গ) প্রযোজ্য ক্ষেত্রে নির্ণীত রোগের নাম;
- (ঘ) প্রদত্ত চিকিৎসা সেবার মৌলিক তথ্যাদি; এবং
- (ঙ) প্রযোজ্য ক্ষেত্রে পরীক্ষা-নিরীক্ষার প্রতিবেদন ও উহার মৌলিক তথ্যাদি।

৪। মাদকাসক্তি চিকিৎসার জন্য কোনো মাদকদ্রব্য ব্যবহার করিতে হইলে উহার জন্য, ক্ষেত্রমত, উপযুক্ত কর্তৃপক্ষের বা লাইসেন্সিং কর্তৃপক্ষ বা উহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার অনুমোদন বা লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

৫। কেন্দ্রে কোনো বিদেশি চিকিৎসক বা পরামর্শক নিয়োজিত থাকিলে বা নিয়োগ করিতে ইচ্ছা পোষণ করিলে সেইক্ষেত্রে লাইসেন্সিং কর্তৃপক্ষ বা উহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার অনুমতি গ্রহণ করিতে হইবে।

৬। মাদকাসক্ত ব্যক্তিকে কোনো কেন্দ্রের কোনো কর্মে নিয়োজিত করা হইলে তাহাকে উপযুক্ত পারিশ্রমিক প্রদান করিতে হইবে।

৭। লাইসেন্সের আবেদনে কোনো ভুল তথ্য পরিবেশন করা হইলে কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ ও তদীয়ন প্রণীত কোনো বিধিমালার বিধান, লাইসেন্সিং কর্তৃপক্ষের যুক্তিসংজ্ঞাত আদেশ এবং এই লাইসেন্সের কোনো শর্ত লঙ্ঘন করা হইলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ লাইসেন্স বাতিল, স্থগিত বা প্রত্যাহার করিতে পারিবে।

লাইসেন্সিং কর্তৃপক্ষের স্বাক্ষর, পদবি ও তারিখ

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোকাবির হোসেন  
সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)